# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪৫

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬৫. যে ব্যক্তি পতিত জমি আবাদ করবে, তা তারই হবে

باب مَنْ أَحْيَا أَرْضًا مَيْتَةً فَهِيَ لَهُ

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ قَالَ أَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَافِعٍ أَنَّ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ أَخْبَرَهُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ أَحْيَا أَرْضًا مَيْتَةً فَلَهُ فِيهَا أَجْرٌ وَمَا أَكَلَتْ الْعَافِيَةُ مِنْهَا فَلَهُ فِيهَا صَدَقَةٌ قَالَ أَبُو مُحَمَّد الْعَافِيَةُ الطَّيْرُ وَغَيْرُ ذَلِكَ

## বাংলা

২৬৪৫. জাবির ইবনু আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “পড়ে থাকা (মালিকানাহীন) জমিকে যদি কোন লোক আবাদ করে তাহলে এতে তার জন্য বিনিময় (সাওয়াব) রয়েছে; আর যে সকল রিযিক সন্ধানী প্রাণী এ জমির ফসল থেকে খাবে, তা ঐ ব্যক্তির জন্য সাদাকারূপে গণ্য হবে।”[1] আবূ মুহাম্মদ বলেন: ’আফিয়াহ’ অর্থ: পাখি ও অন্যান্য প্রাণীকুল।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৮০৫, ২১৯৫ ও সহীহ ইবনু হিব্বান নং ৫২০২, ৫২০৩, ৫২০৪ এবং মাওয়ারিদুয যাম’আন নং ১১৩৬, ১১৩৭, ১১৩৮ তে। ((প্রথম অংশ বর্ণনা করেছেন: তিরমিযী, আহকাম ১৩৭৮, ১৩৭৯; আবূ দাউদ, খারাজ ওয়াল ইমারাহ ৩০৭৪; আহমাদ ৩/৩০৪, ৩৩৮ ও অন্যান্যরা। আর দ্বিতীয় অংশের শাহিদ বর্ণনা রয়েছে: আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে তিরমিযী, আহকাম ১৩৮২ তে, যেখানে অনাবাদী জমি’র কথা উল্লেখ ছাড়াই জমিতে চাষাবাদের ফসল হতে মানুষ অথবা পশু-পাখি খেয়ে নিলে তা সাদাকা স্বরুপ হবে বলে বর্ণিত হয়েছে। তিরমিযী বলেন: এ বাবে আবূ আইয়ুব, উম্মু মুবাশ্বির ও যাইদ ইবনু খালিদ রাদ্বিয়াল্লাহু আনহু হতেও হাদীস বর্ণিত আছে, আর আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত হাদীসটি

হাসান সহীহ।–অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82930

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন